



রাজশাহীতে দুই দিনব্যাপী সাহিত্যবিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের শুরু দিন গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শোভাযাত্রা বের করা হয় ● ছবি: প্রথম আলো

রাজশাহী বিশ্ববিদ্যালয় সাহিত্যবিষয়ক সম্মেলন শুরু

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গতকাল শুক্রবার থেকে শুরু হয়েছে দুই দিনের সাহিত্যবিষয়ক সম্মেলন। সকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক আবদুল খালেক। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য মুহম্মদ মিজানউদ্দিন।

বাংলা গবেষণা সংসদের সভাপতি ও কলা অনুষদের ডিন খন্দকার ফরহাদ হোসেনের সভাপতিত্বে 'বাংলা সাহিত্য ও বাংলাদেশের অন্যান্য ভাষার সাহিত্যবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন' শীর্ষক এ সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন সহ-উপাচার্য চৌধুরী সায়ওয়াল আহান। বাংলা গবেষণা সংসদের সদস্যসচিব পি এম সফিকুল ইসলামের পরিচালনায় এতে আরও বক্তব্য দেন সংগঠনের সহসভাপতি সফিকুল হী সামাদী। বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ, বাংলা গবেষণা সংসদ ও বাংলা সমিতি এ সম্মেলনের আয়োজন করে।

অনুষ্ঠানে বক্তারা বলেন, সামগ্রিকভাবে বাংলা ভাষাভাষী মানুষের রচিত মাবতীয় সৃষ্টিসম্ভারকে ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ এবং একই সঙ্গে বাংলা জনপদের অন্যান্য ভাষার সমসাময়িক সাহিত্যের সঙ্গে একে মিলিয়ে দেখার সুযোগ করে দিয়েছে এই সম্মেলন। এর আগে সকাল সাড়ে আটটায় শহীদুল্লাহ কলাভবন প্রাঙ্গণে জাতীয় সংগীত পরিবেশন এবং জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করা হয়। এরপর অংশগ্রহণকারীরা এক শোভাযাত্রা বের করেন।

সম্মেলনের ১৩টি অধিবেশনে বাংলা সাহিত্য: বাংলাদেশ, বাংলা সাহিত্য: পশ্চিম বাংলা, বাংলা সাহিত্যের ইতিহাস রচনা: সীমাবদ্ধতা ও উত্তরণ, অভিবাসীর বাংলা সাহিত্য, বাংলার শোকসাহিত্য, বাংলা সাহিত্যের ভাষা, বাংলাদেশের অন্যান্য ভাষার সাহিত্য, অনুবাদ সাহিত্য, ক্ষমতা ও সাহিত্য: নারী, শিশু, শ্রেণি, সম্প্রদায় ও মৃগোষ্ঠী ইত্যাদি বিষয়ে ৪৩টি প্রবন্ধ উপস্থাপিত হচ্ছে।

আজ শনিবার সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে সম্মেলন শেষ হবে।